

ইবিতে ভর্তি ফরম ছাড়ার আগেই সক্রিয় সিভিকিট

প্রতিদিনী, ইসলামী বিশ্ববিদ্যালয়

দুর্নীতির দৃষ্ট চক্রের কলয় থেকে মুক্ত হতে পারছে না কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়। সর্বচে বেশি দুর্নীতি হয় বিশ্ববিদ্যালয়ের অনার্ন প্রথম বর্ষের ভর্তি পরীক্ষায়। ২৮ বছর আগে প্রতিষ্ঠিত এ বিশ্ববিদ্যালয়ে ভর্তি সংক্রান্ত বিষয়ে এখনও সুনির্দিষ্ট কোন নিয়ম নীতি পড়ে না ওঠায় যে যার অবস্থানে থেকে দুর্নীতি করে যাচ্ছে। প্রতি বছর ভর্তিপরীক্ষাকে কেন্দ্র করে একশ্রেণীর অসাধু শিক্ষক, কর্মকর্তা ও ছাত্রনেতাদের সমন্বয়ে পড়ে ওঠে একাধিক অবৈধ ভর্তি সিভিকিট। একদিকে শিক্ষকেরা অর্থোক্তভাবে ইউনিট বাড়িয়ে ভিসিক চাপ দিয়ে ভর্তি আবেদন ফরমের নাম বাড়িয়ে ফরম বিক্রির কোটি-টাকা হরিণুট করেন/ অনাদিকে একশ্রেণীর অসাধু শিক্ষক-কর্মকর্তার যোগসাজশে ছাত্র সংগঠনের নেতারা প্রপত্র ফাঁস, পরীক্ষায় প্রস্তুতি দেয়া, পাশাপাশি নিট ফেলে দেয়া, পছন্দমত সাবজেক্ট পাইয়ে দেয়ানহ বিভিন্ন কোটায় অবৈধভাবে ছাত্রভর্তি করিয়ে লাখ লাখ টাকা হাতিয়ে নেয়। গত বছরের ভর্তিপরীক্ষায় জালিয়াত চক্রের নগ্নপ্রস্তার প্রমাণ পেলেও তাদের বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা না নেয়ায় এবারও সক্রিয় হয়ে উঠেছে সেই জালিয়াত চক্র। এদিকে অন্যান্য সরকারি বিশ্ববিদ্যালয়েও ভর্তিপরীক্ষা প্রায় শুরু হতে চলেও ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ভর্তিপরীক্ষা নেয়ার ব্যাপারে এখনও কোন সিদ্ধান্তে আসতে পারেনি। গত ২৮ সেপ্টেম্বর শিক্ষকদের ষাঠসংশ্লিষ্ট বিষয়ে সভাবিরোধের কারণে কোন সিদ্ধান্ত ছাড়াই শেষ হয় ভর্তি কমিটির সভা। তাই কবে নাগাদ ভর্তি কার্যক্রম শুরু হবে তা কেউ ঠিক করে বলতে পারছে না। জানা যায়, ভর্তিপরীক্ষা নেয়ার পদ্ধতিসহ ভর্তিসংক্রান্ত বিভিন্ন ব্যাপারে সিদ্ধান্ত নিতে ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের কাছে ভর্তিছাত্রদের কল্যাণ-অকল্যাণ বিবেচনা হয়ে অধিক অর্থ উপার্জনই মুখ্য হয়ে দাঁড়ায়। আধুনিক প্রযুক্তির এ যুগে দেশের প্রায় সবক'টি বিশ্ববিদ্যালয়ে ওএমআর পদ্ধতিতে পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন করা হয়। এতে অতি অল্পসময়ে ফল প্রকাশ করা যায় এবং দুর্নীতির সুযোগ খুব কম থাকে। গত দুই বছর ধরে ওএমআর পদ্ধতি ব্যবস্থাকারনের জন্য ছাত্র সংগঠনগুলো এবং অভিযন্তা শিক্ষক আন্দোলন করে এলেও দুর্নীতির সুযোগ থাকবে না এবং উত্তরপত্র মূল্যায়ন ব্যবস্থা প্রতিরুদ্ধ টাকা পাবেন না বলে এক শ্রেণীর অসাধু শিক্ষকদের বিরুদ্ধে কার্যক্রম শুরু করা হয়েছে।

সিভিকিট
৩